**একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ
(স্থানীয় সরকার শাখা)
www.narayanganj.gov.bd

স্মারক নং-০৫.৪১.৬৭০০.৭০১.০৫.০০১.২৬-৩২০

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ / ২৭ জুলাই ২০২৬

**"নিয়োগ বিজ্ঞপ্তি"**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ইউনিয়ন পরিষদ-২ শাখার ২৭/০৪/২০২৬খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০৮.২৬-১৩৫ নম্বর স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে নারায়ণগঞ্জ জেলার ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা (সাবেক সচিব) এবং ২৪/০৬/২০২৬ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০৮.২৬-১৫৫৩ নম্বর স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে নারায়ণগঞ্জ জেলার ইউনিয়ন পরিষদে হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর এর শূন্যপদ পূরণে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগ ও প্যানেল গঠনের নিমিত্ত নারায়ণগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে Online এ (https://dcnarayanganj.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবেনা।

| ক্র: নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা | ০৯ (নয়) টি | গ্রেড-১৪ ১০২০০-২৪৬৮০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী (কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে)। | বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক ও ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয় |
| ২. | হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ৩৯ (উনচল্লিশ) টি | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং<br>(গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) | বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক ও ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয় |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও নারায়ণগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে;

০২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ বরাবর আবেদন করতে হবে।

০৩। আবেদন শুরুর (০৩/০৮/২০২৬) তারিখে প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ বছর এবং সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৪। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে "স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা-২০১১" অনুসরণ করা হবে।

০৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্ত শাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে।

০৬। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধি মোতাবেক লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত পরীক্ষাসহ ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

০৭। চাকরির জন্য আবেদন আগামী ০৩/০৮/২০২৬ খ্রি. তারিখ সকাল ১০:০০ টা হতে ৩১/০৮/২০২৬ তারিখ বিকাল ০৫:০০ টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। সরাসরি/ ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবেনা। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।

০৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/ অনাপত্তিপত্র/ কাগজপত্রাদির মূল কপি প্রদর্শনপূর্বক প্রত্যেকটির ১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/ উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা নিম্নরূপ:

ক) সকল সনদ/ প্রত্যয়ন/ অনাপত্তিপত্র; (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীলদ্বারা সত্যায়ন করতে হবে);

খ) নারায়ণগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/প্রশাসক অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ প্রশাসক কর্তৃক প্রদত্ত অনলাইন নাগরিকত্ব সনদ;

গ) জাতীয় পরিচয়পত্র/ অনলাইন জন্মনিবন্ধন সনদ;

ঘ) চাকরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র;

ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা এবং শহীদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র;

চ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক বা পৌরসভার মেয়র/প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সদস্যদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং

জ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

৯। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

১০। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/ নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্ত শাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১২। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদে চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

১৩। অনলাইনে আবেদনপূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https://dcnarayanganj.teletalk.com.bd এইওয়েব সাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ০৩/০৮/২০২৬ সকাল ১০:০০টা;

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১/০৮/২০২৬ বিকাল ০৫:০০ টা।

উক্ত সময় সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk pre-paid mobile নম্বর থেকে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ ×প্রস্থ ৮০) Pixel এবং রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ ×প্রস্থ ৩০০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB এবং স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হবে;

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় একক পিজমা দিবেন;

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ ঘোলা) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/ পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে নিজে শতভাগ নিশ্চিত হবেন। Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর নিশ্চিত হয়ে PDF copy ডাউনলোড পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ক্রমিক নম্বর ০১ হতে ০২ এর জন্য ১০০/- (একশত) টাকা, Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরত যোগ্য) ১২/- (বারো) টাকাসহ সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা আবেদনের অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। সকল গ্রেডের পদের জন্য অনগ্রসর নাগরিকদের (ক্ষুদ্র নৃগোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থী) জন্য আবেদন ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ০৬/-(ছয়) টাকাসহ অফেরতযোগ্য ৫৬/- (ছাপ্পান্ন) টাকা। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ

আবেদনপত্রের সকল অংশপূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

(চ) ফি জমা প্রদানের পদ্ধতি: প্রথম SMS: DCNARAYANGANJ<space> User ID লিখে ১৬২২২ নম্বরে send করতে হবে। Example: DCNARAYANGANJ ABCDEF & send to 16222
Reply: Applicant's Name, Tk. 112/- will be charged as application fee, Your PIN is xxxxxxxx To pay fee Type DCNARAYANGANJ<space>Yes <space>PIN and send to 16222 দ্বিতীয় SMS: DCNARAYANGANJ<space>Yes <space>PIN লিখে ১৬২২২ নম্বরে send করতে হবে;
Example: DCNARAYANGANJ Yes 12345678
Reply: Congratulation! Applicant's Name, Payment completed successfully for DCNARAYANGANJ Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(ছ) প্রবেশপত্র সংগ্রহের নোটিশ https://dcnarayanganj.teletalk.com.bd এবং জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ এর ওয়েব সাইট (www.narayanganj.gov.bd) এ পাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত SMS শুধুমাত্র যোগ্য প্রার্থীদের মোবাইল ফোন নম্বরে প্রেরণ করা হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়ে যোগাযোগ করা হবে বিধায় উক্ত মোবাইল ফোন নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়;

(জ) SMS-এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/ কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;

(ঝ) শুধুমাত্র Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন;

i) User ID জানা থাকলে:
DCNARAYANGANJ<space>Help<space>User<space>UserID& send to 16222
Example: DCNARAYANGANJHelpUserABCDEF

ii) PIN Number জানাথাকলে:
DCNARAYANGANJ<space>Help<space>PIN<space>PIN Number& send to 16222
Example: DCNARAYANGANJHelpPIN12345678

(ঞ) অনলাইনে আবেদন এবং টাকা জমা যা প্রার্থী নিজে করবেন। এ ক্ষেত্রে অন্য কোন মাধ্যমে সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না;

(ট) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যেকোনো টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd বা dcnarayanganj@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। e-mail এর Subject-এ Organization Name: DCNARAYANGANJ, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে;

(ঠ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদন পত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে;

১৪। অসত্য/ ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোনো পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ ত্রুটিপূর্ণ/ ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/ নির্বাচন/ নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৫। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ এর ওয়েবসাইটে www.narayanganj.gov.bd এবং https://dcnarayanganj.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েব সাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.narayanganj.gov.bd ওয়েব সাইট হতে জানা যাবে।

১৬। একজন আবেদনকারী কেবল একটি পদের জন্য আবেদন করতে পারবে।

১৭। পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

১৮। আবেদন গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৯। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/ পরিবর্তন/ পরিমার্জন/ উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন ।

২০। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২৫ আগস্ট ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০২০.২৪-২১৭ নং পরিপত্র মোতাবেক প্যানেল গঠন করা হবে।

২১। উপরে উল্লেখ করা হয়নি এমন যে কোন বিষয় জনপ্রশাসন মন্ত্রণায় কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্যহবে।

২২। ইউনিয়ন পরিষদের হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগের ক্ষেত্রে রিট পিটিশন নং-১৩৩৯১/২০১৭ হতে উদ্ভুত সিপি লিভ টু আপিল ৭৮৮/২০১৮ মামলায় মহামান্য আদালত এর গত ০১ মার্চ ২০১৮ তারিখের আদেশ প্রতিপালন করা হবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

২৭/০৭/২০২৬

মোঃ রায়হান কবির
জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ
ফোন: ০২-২২৩৩০৪৬৬৮
E-mail: dcnarayanganj@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪১.৬৭০০.৭০১.০৫.০০১.২৬-৩২০(৩৫)

তারিখ : ১২ শ্রাবণ ১৪৩৩ / ২৭ জুলাই ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, অর্থবিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, ঢাকা।
৬। জেলা প্রশাসক (সকল)।
৭। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৮। সিভিল সার্জন, নারায়ণগঞ্জ।
৯। প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ।
১০। উপপরিচালক, স্থানীয় সরকার, নারায়ণগঞ্জ।
১১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ।
১২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ।
১৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), নারায়ণগঞ্জ।
১৪। সহকারী কমিশনার (ভূমি) (সকল), নারায়ণগঞ্জ।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, ঢাকা।
১৬। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৭। জেলা তথ্য অফিসার, নারায়ণগঞ্জ
১৮। (ক) সম্পাদক, ..................................................................., ঢাকা
(খ) সম্পাদক, ............................................................, নারায়ণগঞ্জ
(গ) সম্পাদক, ............................................................, নারায়ণগঞ্জ
বিজ্ঞপ্তিটি আগামী ০৩/০৮/২০২৬ তারিখের মধ্যে তাঁর পত্রিকায় ভিতরের পাতায় ১৬×৪ কলাম পরিসরে শুধুমাত্র ১ (এক) দিনের জন্য প্রকাশ করে বিজ্ঞপ্তির ০৫ (পাঁচ) কপি এবং বিজ্ঞপ্তি প্রকাশের নিম্নস্বাক্ষরকারী বরাবর বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৯। অফিস কপি।

২৭/০৭/২০২৬

জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ